

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 16-10-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) কেন্দ্রীয় পররাষ্ট্র ও বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মাঘেরিটার তিনদিনের রাজ্য সফর ।
- (২) আজ কোজাগরী লক্ষীপূজা। ধন, ঐশ্বর্য ও খ্যাতির আরাধ্যা দেবী লক্ষীর পূজার্চনা চলছে সারা রাজ্যে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ন্যাশনাল সিকিউরিটি গার্ড-এর প্রতিষ্ঠা দিবসে বাহিনীর সদস্যদের প্রতি অভিনন্দন জানিয়েছেন।
- (৪) আজ থেকে নয়াদিল্লিতে শুরু হয়েছে সঙ্গীত নাটক একাডেমীর উদ্যোগে ভারতীয় নৃত্যের আন্তর্জাতিক উৎসব ।

Union Minister Pabitra Margheita:

কেন্দ্রীয় পররাষ্ট্র ও বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মাঘেরিটা তিনদিনের সফরে আজ বিকেলে আগরতলায় আসেন। বিকেলেই তিনি রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সাথে সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। এর আগে আগরতলা এম বি বি বিমানবন্দরে মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহার সঙ্গে তিনি সৌজন্য সাক্ষাতে মিলিত হন ।

রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাতে উন্নয়নমূলক নানা বিষয় নিয়ে আলোচনা হয় বলে জানান কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

পবিত্র মাঘেরিটা । তিনি জানান, রাজ্যের উন্নয়নকে ত্বরান্বিত করাই হলো তার সফরের মূল লক্ষ্য। তিনি বলেন.....

#####Byte#####

আগামীকাল সকালে খোয়াই জেলায় বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প ও অন্যান্য বিভিন্ন প্রধান প্রকল্পে কাজের অগ্রগতি পর্যালোচনা করবেন তিনি। এরপর কেন্দ্রীয় মন্ত্রী খোয়াই জেলায় শিক্ষা, স্বাস্থ্য, জল জীবন মিশন, কৃষি পরিকাঠামো ও দক্ষতা উন্নয়ন ইত্যাদি সংশ্লিষ্ট প্রকল্পগুলি পরিদর্শন করবেন। তাছাড়া তিনি মহিলা স্ব-সহায়ক দল, জেলা আধিকারিকদের সঙ্গেও মতবিনিময় করবেন। আগামীকাল বিকেলে তিনি সিমনার সনখলায় হ্যান্ডিক্রাফটস ক্লাস্টার ও ফটিকছড়ায় হ্যান্ডলুম এওয়ারনেস প্রোগ্রাম এবং শিশু উন্নয়ন প্রকল্পের অধীনে সমার্থ প্রশিক্ষণ পরিদর্শন করবেন। আগামীকাল সন্ধ্যায় উদয়পুরে তিনি মাতা ত্রিপুরা সুন্দরী মন্দির দর্শন করবেন। ১৮ই অক্টোবর সকালে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী মাঘেরিটা আগরতলায় সচিবালয়ে বস্ত্র মন্ত্রক এবং রাজ্য সরকারের হস্ততান্ত হস্তকারু ও রেশন শিল্প দপ্তরে আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। তাছাড়া তিনি আগরতলায় পূর্বাশা এম্পোরিয়াম উইভার্স সার্ভিস সেন্টারটি পরিদর্শন করবেন।

Laxmi Puja:

আজ কোজাগরী লক্ষীপূজা। ধনসম্পদ, ঐশ্বর্য্য ও খ্যাতির আরাধ্যা দেবী লক্ষীর পূজার্নার দিন। এবারের কোজাগরী লক্ষ্মীপূজা আগামীকালও চলবে। কারন পূর্ণিমা তিথি আজ সন্ধ্যা ৭ টা ২৩ মিনিট থেকে শুরু হচ্ছে এবং তা থাকবে আগামীকাল সন্ধ্যা ৫ টা ১৭ মিনিট পর্যন্ত। পূর্ণিমা তিথি শুরু হতেই ইতোমধ্যে সারা রাজ্যে শুরু হয়ে গেছে বাড়ীবাড়ী কোজাগরী লক্ষীপূজা। চড়া বাজারমূল্য সত্ত্বেও যে যার সাধ্যমতো যোগাড় করে নিয়েছেন দেবীপূজার নানা উপাচার। গত দুদিন ধরে রাজধানী আগরতলা-

সহ সমস্ত বাজারেই শোভা পেয়েছে ছোটোবড়ো লক্ষী প্রতিমার পসরা।

এদিকে, লক্ষ্মীপূজা উপলক্ষ্যে বিপুল উৎসাহ উদ্দীপনা দেখা যাচ্ছে ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও। প্রায় প্রতিটি বাড়িতে-ই সংসারের সুখ-সমৃদ্ধির কামনায় কোজাগরী লক্ষ্মীপূজার আয়োজন করা হয়েছে। কোজাগরী লক্ষ্মীপূজার দিনে আজ কৈলাশহরের পাণিচৌকি বাজার সহ অন্যান্য বাজারগুলিতে ক্রেতা-বিক্রেতাদের ভীড় লক্ষ্য করা গেছে।

Jammu & Kashmir:

ন্যাশনাল কনফারেন্স নেতা ওমর আব্দুল্লাহ কেন্দ্রশাসিত অঞ্চল জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। উপ-রাজ্যপাল মনোজ সিনহা শ্রীনগরে তাঁকে মুখ্যমন্ত্রী পদে শপথবাক্য পাঠ করান। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, সমাজবাদী পার্টির সভাপতি অখিলেশ যাদব, ওই রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মেহবুবা মুফতি-সহ ইন্ডিয়া জোটের নেতারা এই শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আব্দুল্লাহকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জম্মু কাশ্মীর সরকারকে সম্পূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়েছেন তিনি।

Hariyana-Oath:

নয়াব সিং সাইনি আগামীকাল হরিয়ানার মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করবেন। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং বিজেপি

শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রীগণ। এই শপথগ্রহণ অনুষ্ঠানে রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাও উপস্থিত থাকবেন।

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ন্যাশনাল সিকিউরিটি গার্ড (এন এস জি) 'র প্রতিষ্ঠা দিবসে এই বাহিনীর সদস্যদের প্রতি অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেছেন, এন এস জি সদস্যদের অবিচল আত্মত্যাগ, সাহসিকতা এবং দেশের সুরক্ষায় একাগ্রতার জন্য গোটা জাতি তাঁদেরকে অভিনন্দন জানাচ্ছে। প্রধানমন্ত্রী আরো বলেন, নানা হুমকির বিরুদ্ধে দেশকে রক্ষায় তাঁদের দায়বদ্ধতা প্রশংসনীয়। অন্যদিকে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও এই উপলক্ষে এন এস জি-র সদস্যদের অভিনন্দন জানিয়েছেন।

Panisagar-Law & Order :

পানিসাগর মহকুমার পেকুছড়া এলাকার পরিস্থিতি আজ সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে বলে জানিয়েছেন রাজ্য পুলিশের এআইজি আইনশৃঙ্খলা অনন্ত দাস। তিনি জানান, এলাকায় পর্যাপ্ত নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে। এর ফলে গতকাল বিকাল থেকেই পেকুছড়া এলাকা ছিল সম্পূর্ণ শান্তিপূর্ণ। গতকাল রাতে রাজ্য পুলিশের গোয়েন্দা বিভাগের মহানির্দেশক অনুরাগ এলাকা পরিদর্শন করেন।

এখানে উল্লেখ করা যেতে পারে, রাজ্যের স্বরাষ্ট্র সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তীর এক বিজ্ঞপ্তি মোতাবেক গতকাল বিকাল ৫টা থেকে ৭২ ঘণ্টার জন্য উত্তর ত্রিপুরা জেলায় মোবাইল ইন্টারনেট পরিষেবা, মোবাইলে এসএমএস ও সব ধরনের প্রেস বার্তা পরিষেবা স্থগিত রাখা হয়েছে। এদিকে, ধর্মনগর ও কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসকগণ গতকাল পৃথক পৃথক আদেশ বলে স্ব স্ব মহকুমায় ভারতীয় নাগরিক

সুরক্ষা সংহিতা ১৬৩ ধারা জারি করেছেন। আগামীকাল পর্যন্ত তা কার্যকর থাকবে।

INTERNATIONAL DANCE FEST:

নয়াদিল্লিতে আজ থেকে সঙ্গীত নাটক একাডেমীর উদ্যোগে ভারতীয় নৃত্যের উপর আন্তর্জাতিক উৎসব শুরু হয়েছে। এই উৎসব চলবে আগামী ২১ শে অক্টোবর পর্যন্ত। ভারতীয় ধ্রুপদী নৃত্য, লোকনৃত্য, উপজাতি লোকনৃত্য পরিবেশিত হবে উৎসব। কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত আজ এই উত্সবের উদ্বোধন করেন। উৎসবে দেশের বিভিন্ন রাজ্যসহ ১৬ টি দেশের নৃত্য শিল্পীরা অংশ নিয়েছেন। এই উৎসবে ত্রিপুরার গর্ব ও সঙ্গীত নাটক একাডেমী পুরস্কার প্রাপ্ত ককবরক লোকশিল্পী তরুবালা দেববর্মা পর্যবেক্ষক হিসাবে যোগ দিয়েছেন। দিল্লি থেকে তিনি আকাশবাণীকে বলেন.....

#####Byte in Bengali#####

BJP Sadasyata Abhiyan:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লিতে বিজেপির সর্বভারতীয় সভাপতি তথা কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার উপস্থিতিতে বিজেপির সক্রিয় সদস্যতা অভিযানের সূচনা করেন। প্রধানমন্ত্রী নিজের এক্স হ্যান্ডেলে দু'টি ছবি আপলোড করে উল্লেখ করেন

সক্রিয়	সদস্যতা	অভিযান
---------	---------	--------

এমন একটি আন্দোলন যা দলকে আরও শক্তিশালী করবে এবং দেশের অগ্রগতির জন্য বিজেপি দলের কার্যকর্তাদের কার্যকর অবদান নিশ্চিত করবে।

WORLD SPINAL CORD DAY:

আজ বিশ্ব মেরুদণ্ড দিবস । মানব দেহে মেরুদণ্ড একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রত্যঙ্গ । মেরুদণ্ড দেহের বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গকে পরিচালনা করে । বিশ্বের প্রানীকুলকে মেরুদণ্ড ও অমেরুদণ্ড শ্রেণীতে বিভক্ত করা হয়েছে । এই ধরনের গুরুত্বপূর্ণ প্রত্যঙ্গ মেরুদণ্ডকে সুস্থ সবল রক্ষার উপর গুরুত্ব দিয়েছেন রাজ্যের অস্থিরোগ বিশেষজ্ঞ ডাক্তার ভূপেশ শীল । আকাশবানীকে তিনি বলেন, নিয়মিত শরীরচর্চা, সোজা ও তুলনামূলক শক্ত্যপোক্ত চেয়ারে বসার অভ্যাস করলে মেরুদণ্ড সুস্থ সবল থাকে । তিনি বলেন মেরুদণ্ড সুস্থ রাখতে নিয়মিত দুগ্ধজাত দ্রব্য, সবুজ শাকসবজি গ্রহণের উপর গুরুত্ব দিতে হবে।

Murassing sikla:

মুড়াসিং জনগোষ্ঠীর যুবক- যুবতীদের সংগঠন মুড়াসিং সিকলা বদল- র উদ্যোগে ১ দিনের মুড়াসিং সিকলা সিনিলাইমুং পান্ডা বা মুড়াসিং যুব উৎসব গতকাল রাতে দক্ষিণ জেলার বিলোনিয়া মহকুমার ধূপতলি জেবি স্কুল মাঠে শেষ হয়েছে। মুড়াসিং সমাজের হদা অত্রা সুনীল মুড়াসিং এই উৎসবের সূচনা করেন। মুড়াসিং সিকলা বদল-র সভাপতি রাজেশ মুড়াসিং, সংগীত শিল্পী রুমি মুড়াসিং প্রমুখ উপস্থিত ছিলেন এই অনুষ্ঠানে। উৎসবে মুড়াসিং জনগোষ্ঠীর যুবক যুবতীরা তাদের শৈল্পিক উৎকর্ষতা প্রদর্শন করেন।

GB Hospital:

আগরতলার জি বি হাসপাতালে গতবছর থেকে সুপার স্পেশালিটি পরিষেবা চালু হয়েছে। এরমধ্যে চারটি সুপার স্পেশালিটি পরিষেবা অন্তর্বিভাগে এবং পাঁচটি চালু রয়েছে বহির্বিভাগে। আগামী মাসে আরো দুটি সুপার স্পেশালিটি পরিষেবা চালু হচ্ছে বলে জানিয়েছেন হাসপাতালের সুপার ডাঃ শংকর চক্রবর্তী। তিনি

জানান, এই দুটি সুপার স্পেশালিটি পরিষেবা হলো গ্যাস্ট্রোএন্ট্রোলজি এবং গ্যাসটো সার্জারি। এজন্য দুজন বিশেষজ্ঞ চিকিৎসক কাজে যোগ দিয়েছেন। তিনি আরো বলেন, আগামী মাসের মধ্যে এ'দুটি সুপার স্পেশালিটির আউটডোর পরিষেবা চালু হচ্ছে।

Football Player Expired:

রাজ্যের প্রাক্তন ফুটবলার তথা অবসরপ্রাপ্ত শারীর শিক্ষক নারায়ণ নন্দী আজ শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৯ বছর। অকৃতদার এই প্রাক্তন ফুটবলারের প্রয়াণে রাজ্যের ফুটবল মহলে শোকের ছায়া নেমে এসেছে। এরসাথে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের পক্ষ থেকেও গভীর শোক প্রকাশ করা হয়েছে।

Naidu Trophy:

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে ত্রিপুরা ২৫ রানে মহারাষ্ট্রের কাছে পরাজিত হয়েছে। ঔরাঙ্গাবাদে আয়োজিত চারদিনের ম্যাচের চতুর্থ তথা শেষ দিনে আজ ৭ উইকেট হারিয়ে ৩১২ রান হাতে নিয়ে স্বাগতিক মহারাষ্ট্র দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে ৯ উইকেটে ৩৫১ রানে সমাপ্তির ঘোষণা দেয়। ১৮২ রানের জয়ের লক্ষ্যে খেলতে নেমে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৫৬ রান করতে সক্ষম হয়। এর আগে মহারাষ্ট্রের প্রথম ইনিংসের ১০৭ রানে জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ২৭৭ রান করেছিল।

Weather:

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।
